



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২-২২৩৩৮৮৯৪০, ই-মেইল dgmlad1@krishibank.org.bd



মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

তারিখঃ ০৬.০৭.২০২১

নং- বিকেবি-প্রকা/ক্রেবি-১/৩(৭)/২০২১-২০২২/ (১৬/১২৪)

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ঋণ অনুমোদন/নবায়নে নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ এবং ঋণ ফাইলে যথাযথভাবে সংরক্ষণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ২৯.০৬.২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-৩১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। শিরোনামোক্ত বিষয়ে ০৪ জানুয়ারি ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করতঃ আর্থিক খাতে ঋণ শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে এবং অধিকতর স্বচ্ছতা আনয়নের নিমিত্ত এই মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় সংজ্ঞায়িত কোন জনস্বার্থ সংস্থার অনুকূলে ব্যাংক কর্তৃক ঋণ অনুমোদন/নবায়নের সময় বাধ্যতামূলকভাবে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস কর্তৃক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও স্টেকহোল্ডারদের জন্য প্রণীত হালনাগাদ Statutory Audit Report গ্রহণ করে তা যথাযথভাবে ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে। এতদ্ব্যতীত ব্যাংক কর্তৃক ঋণ অনুমোদন/নবায়নের ক্ষেত্রে অন্য যে সকল প্রতিষ্ঠানের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ করার প্রয়োজনীয়তা থাকবে তাও যথাযথভাবে ঋণ ফাইলে সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

০৩। সিএমএসএমই সেক্টরে কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব বিবেচনায় এবং এ সেক্টরে ঋণের প্রবাহ বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ডকে গতিশীল করার লক্ষ্যে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, সিএমএসএমই সেক্টরের কটেজ (C), মাইক্রো (M) এবং ক্ষুদ্র (S) সাব-সেক্টরের যেসকল প্রতিষ্ঠান ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় উল্লেখিত সংজ্ঞানুযায়ী জনস্বার্থ সংস্থা হিসেবে বিবেচিত হবে, সেসকল প্রতিষ্ঠানের ঋণ অনুমোদন/নবায়নের সময় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস কর্তৃক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং স্টেকহোল্ডারদের জন্য প্রণীত Statutory Audit Report গ্রহণ করে তা বাধ্যতামূলকভাবে আগামী ১ জানুয়ারী ২০২৩ তারিখ হতে যথাযথভাবে ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে।

০৪। এতদ্ব্যতীত উক্ত সার্কুলারের অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

০৬। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ২৯.০৬.২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং- ৩১ অপর পৃষ্ঠায় ছবছ পুনঃমুদ্রণ করা হলো। এমতাবস্থায়, সার্কুলারের নির্দেশনা সমূহ যথাযথভাবে পরিপালনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

(Signature)

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

নং- বিকেবি-প্রকা/ক্রেবি-১/৩(৭)/২০২১-২০২২/ (১৬/১২৪)

তারিখঃ ০৬.০৭.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৮। নথি/মহানথি।

(Signature)

(মোঃ এনামুল হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার লেটার নং-৩১

২৯ জুন ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ অনুমোদন/নবায়নে নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন
গ্রহণ এবং ঋণ ফাইলে যথাযথভাবে সংরক্ষণ প্রসঙ্গে।

তারিখ: ০২/০৭/২০২১
নং: ৬০০৫ তারিখ: ৬০.০৬.২১
উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-২
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
সিএম
ডিজিএম

শিরোনামোক্ত বিষয়ে ০৪ জানুয়ারি ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের মাধ্যমে আর্থিক খাতে ঋণ শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে এবং অধিকতর স্বচ্ছতা আনয়নের নিমিত্ত এই মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় সংজ্ঞায়িত কোন জনস্বার্থ সংস্থার অনুকূলে ব্যাংক কর্তৃক ঋণ অনুমোদন/নবায়নের সময় বাধ্যতামূলকভাবে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস কর্তৃক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও স্টেকহোল্ডারদের জন্য প্রণীত হালনাগাদ Statutory Audit Report গ্রহণ করে তা যথাযথভাবে ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে। এতদ্ব্যতীত ব্যাংক কর্তৃক ঋণ অনুমোদন/নবায়নের ক্ষেত্রে অন্য যে সকল প্রতিষ্ঠানের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ করার প্রয়োজনীয়তা থাকবে তাও যথাযথভাবে ঋণ ফাইলে সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

০৩। সিএমএসএমই সেক্টরে কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব বিবেচনায় এবং এ সেক্টরে ঋণের প্রবাহ বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ডকে গতিশীল করার লক্ষ্যে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, সিএমএসএমই সেক্টরের কটেজ (C), মাইক্রো (M) এবং ক্ষুদ্র (S) সাব-সেক্টরের যেসকল প্রতিষ্ঠান ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় উল্লেখিত সংজ্ঞানুযায়ী জনস্বার্থ সংস্থা হিসেবে বিবেচিত হবে, সেসকল প্রতিষ্ঠানের ঋণ অনুমোদন/নবায়নের সময় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস কর্তৃক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং স্টেকহোল্ডারদের জন্য প্রণীত Statutory Audit Report গ্রহণ করে তা বাধ্যতামূলকভাবে আগামী ১ জানুয়ারি ২০২৩ তারিখে হতে যথাযথভাবে ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে।

০৪। এতদ্ব্যতীত উক্ত সার্কুলারের অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-২
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং: ০২ তারিখ: ০২/০৭/২০২১
বিভাগ: RM(OP)

আপনাদের বিশ্বস্ত,

মোঃ আলী আকবর ফরাজী

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং: ০২ তারিখ: ০২/০৭/২১
উমব্য./এইচআরএমডি- ক্রেডিট/ব্যপিজা/
প্রকিউরমেন্ট/বিসিবিডি/আদায়